যুগান্তর

MAR. 02 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় আজ খুলছে

যুগান্তর ডেস্ক

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ঈদুল আজহার ছুটি শেষে আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় খুলছে। এসব বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রছাত্রীরা ইতিমধ্যেই তাদের হলে উঠতে শুরু করেছে। যুগান্তর প্রতিনিধিদের রিপোর্ট :

বিশ্ববিদ্যালয় : পৃষ্ঠা : ২ কলাম : ৩

## বিশ্ববিদ্যালয় : খুলছে

(শেষ পৃষ্ঠার পর)

**ঢাবি :** দীর্ঘ ১০ দিনের ছুটি শেষে ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে। পবিত্র ঈদুল আজহা এবং মহান একুশে ফেব্রুয়ারি উপলক্ষে গত ২০ ফেব্রুয়ারি থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল। আবাসিক ছাত্রছাত্রীরা গ্রামের বাড়িতে আত্মীয়-পরিজনের সঙ্গে ছুটি কাটিয়ে ইতিমধ্যে হলে ফিরতে শুরু করেছে।

**জাবি :** ১০ দিন বন্ধের পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আজ খুলছে। ঈদুল আজহা ও মহান একুশে ফেব্রুয়ারি উপলক্ষে গত ২০ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় ছুটি হয়।

**ইবি :** ১৩ দিন বন্ধ থাকার পর আজ ইসলামী বিশ্ববিদ্যালয় খুলছে। আজ থেকে পাঁচটি আবাসিক হল ছাত্রছাত্রীদের জন্য খুলে দেয়া হবে এবং প্রশাসনিক কার্যক্রম শুরু হবে। আগামীকাল রোববার থেকে আবার সব একাডেমিক কার্যক্রম ও ক্লাস শুরু হবে।

**বাকৃবি :** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও ঈদুল আজহার ছুটি শেষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সব অনুষদের ক্লাস ও পরীক্ষা আজ শনিবার থেকে আবার শুরু হচ্ছে। দীর্ঘ ১২ দিনের ছুটি কাটিয়ে ছাত্রছাত্রীরা ইতিমধ্যে আবাসিক হলগুলোতে ফিরে আসতে শুরু করেছে।